



# মুগান্ধি

২৮-০৯-২০২৪, পৃষ্ঠা- ১৫



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদ্যাপন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ বিশ্ব ফার্মাসিস্ট দিবস উদ্যাপন করেছে। বৃত্তিবার বিশ্বের ‘ফার্মাসি কমিউনিটি’র সঙে সঙ্গতি রেখে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে দিবসটি উদ্যাপন করা হয়। এই বছর দিবসটির প্রতিপাদ্য ছিল—‘বিশ্বব্যাপী স্বাস্থ্য খাতে চাহিদা পূরণে ফার্মাসিস্ট’। দিবস উদ্যাপনের নানান আয়োজনের মধ্যে ছিল—র্যালি, সেমিনার, কুইজ, শপথ গ্রহণ ইত্যাদি। দিনের শুরুতে অনুষ্ঠিত র্যালিতে যোগ দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফারাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, ফার্মেসি বিভাগের চেয়ারপারসন অধ্যাপক মো. আমিরুল ইসলামসহ শিক্ষক ও শিক্ষার্থীরা। সংবাদ বিজ্ঞপ্তি।